

বিষয়: হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ১০১তম ট্রাস্টি বোর্ডের সভার কার্যবিবরণী

সভাপতি: আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ
সভার স্থান: সভাকক্ষ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
তারিখ: ২৫/০২/২০২০ খ্রি:
সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর সভা পরিচালনার জন্য সভাপতি হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব শ্রী বিষ্ণু কুমার সরকারকে অনুরোধ করেন।

সভার শুরুতে পবিত্র গীতা থেকে শ্লোক পাঠ করেন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের উপপরিচালক শ্রী প্রশান্ত কুমার বিশ্বাস।

এরপর ট্রাস্টের সচিব নবগঠিত হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সকল সদস্যকে স্বাগত জানান। এরপর তিনি উপস্থিতি সবাইকে পরিচয় প্রদান করার জন্য অনুরোধ করেন। সকলের পরিচয় প্রদানের পর তিনি হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট সম্পর্কিত ভূমিকা প্রদানের জন্য ট্রাস্টি বোর্ডের সম্মানিত ভাইস চেয়ারম্যান শ্রী সুব্রত পালকে অনুরোধ করেন।


ভাইস চেয়ারম্যান হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সাম্প্রতিক কার্যকলাপের উপর সংক্ষেপে বক্তব্য প্রদান করেন। এ সময় তিনি অন্যান্য বক্তব্যের সাথে গত অর্থবছরে কল্যাণ ট্রাস্টের স্থায়ী তহবিল ২১ কোটি টাকা থেকে ১০০ কোটি টাকায় উন্নীত করার জন্য অবদান রাখায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ প্রদান করেন।

এরপর ট্রাস্টের সচিব সভায় উপস্থাপিত আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্য বিষয় ১ অনুযায়ী প্রাক্তন ট্রাস্টি অধ্যক্ষ সন্তোষ ভূষণ দাস এবং ট্রাস্টের সাবেক সচিব মঞ্জল চন্দ্র চন্দ এর মৃত্যুতে শোক প্রস্তাব আনয়ন করেন এবং উপস্থিত সকলকে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করতে অনুরোধ জানান। সভা এক মিনিট নিরবতা পালনের মাধ্যমে তাদের আত্মার প্রতি সম্মান প্রদর্শন করেন।

নিরবতা পালনের পর ট্রাস্টের সচিব আলোচ্য বিষয় ২ অনুযায়ী হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের গত ১০/১০/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত সর্বশেষ ১০০তম বোর্ড সভার পড়ে শোনান এবং কোন আপত্তি না থাকলে তা দৃঢ়করণের প্রস্তাব দেন। উপস্থিত সকলের সম্মতিতে ১০০ তম বোর্ড সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

সিদ্ধান্ত ১: গত ১০/১০/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত সর্বশেষ ১০০তম বোর্ড সভার কার্যবিবরণী দৃঢ় করা হলো।

এরপর ট্রাস্টের সচিব সভায় উপস্থাপিত আলোচ্য বিষয় ৩ অনুযায়ী নবগঠিত ট্রাস্টি বোর্ডের ট্রাস্টিদের কর্ম এলাকা বিভাজনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত কর্মএলাকা বিভাজন নিয়ে সম্মানিত সিনিয়র ভাইস চেয়ারম্যানদ্বয় এবং ট্রাস্টি শ্রী শ্যামল সরকার, শ্রী অংকুর জিৎ সাহা নব, শ্রী নান্টু রায়, শ্রী তপন কুমার সেন প্রমুখ আপত্তি উত্থাপিত করেন। এ সময় সভাপতি মহোদয় বলেন যে, আজকের সভাটি বর্তমান ট্রাস্টি বোর্ডের প্রথম সভা। আজকে শুধু পরিচয় পর্ব পর্যন্ত থাকুক। তিনি প্রস্তাব করেন যে, আগামী সপ্তাহে ০৩/০৩/২০২০ খ্রি: তারিখে পরবর্তী সভা করা যেতে পারে যেখানে বিস্তারিত আলোচনা করা যেতে পারে। এই সময়ের মধ্যে ট্রাস্টের সকল সদস্য নিজেদের মধ্যে আলোচনা করে আজকের সভার কার্যপত্রে উত্থাপিত আলোচ্য বিষয়াদি চূড়ান্ত করবে। সভাপতি মহোদয়ের প্রস্তাবে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করলে সভাপতি মহোদয় আজকের সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আলহাজ্ব এ্যাডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ
প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও
চেয়ারম্যান, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

স্মারক নং ১৬.০৫.০০০০.০০৩.০৬.০৮৭.১১-১৪৬


তারিখঃ ২৬/০২/২০২০ খ্রি

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. শ্রী নারায়ণ চন্দ্র চন্দ্র, মাননীয় সিনিয়র ভাইস-চেয়ারম্যান, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ
২. শ্রী মনোজ্ঞ শীল গোপাল, মাননীয় সিনিয়র ভাইস-চেয়ারম্যান, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ
৩. শ্রী সুব্রত পাল, সম্মানিত ভাইস চেয়ারম্যান, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৪. শ্রী/শ্রীমতী

(সকল সম্মানিত ট্রাস্টি, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট)

৫. অতিরিক্ত সচিব (সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. দপ্তর কপি।


বিষ্ণু কুমার সরকার
সচিব
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
২৬/০২/২০২০